

এয়ার ইন্ডিয়া এক্সপ্রেস'র বিশাল অফার

- A Monitor Desk Report

Date: 02 August, 2024



মুম্বাইঃ যাত্রীদের কথা মাথায় রেখে এবার বিশাল অফার দিলো ভারতীয় উড়োজাহাজ সংস্থা এয়ার ইন্ডিয়া এক্সপ্রেস। 'ফ্রিডম সেল' উপলক্ষে এই অফার চালু করল সংস্থাটি।

সংবাদসংস্থার এক প্রতিবেদনে জানানো হয়েছে, ভারতের স্বাধীনতার ৭৭ বছর পূর্তি উপলক্ষে এমন অফার দেওয়া হয়েছে। এই সেলের আওতায় এক্সপ্রেস লাইট ফেয়ার শুরু হবে মাত্র ১৯৪৭ টাকা থেকে। এয়ার ইন্ডিয়া এক্সপ্রেসের অফিসিয়াল ওয়েবসাইট থেকে এই অফার মিলবে।

অফারের আওতায় চলতি বছরের আগস্টের ৫ তারিখ পর্যন্ত টিকিট বুক করা যাবে। আর যাত্রা করা যাবে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত।

ডোমেস্টিক এবং ইন্টারন্যাশনাল, উভয় ক্ষেত্রেই এই অফার মিলবে। দিল্লি-জয়পুর, বেঙ্গালুরু-গোয়া এবং দিল্লি-গোয়ালিয়রের মতো জনপ্রিয় রুটগুলোতে স্বল্পদামে এই টিকিট মিলবে।

এ ছাড়া, ১৫টি আন্তর্জাতিক এবং ৩২টি ডোমেস্টিক রুটে 'ফ্রিডম সেল' এর আওতায় সম্ভায় টিকিট পাওয়া যাবে।

-B